বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫, কাওরান বাজার, ঢাকা
www.brdb.gov.bd

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

নম্বর -৪৭.৬২.০০০০.২০৫.১১.০০৩.২১.৮০২ https://freejobalert4u.com তারিখ: ৩০ জানুয়ারি ২০২২ খ্রি. / ১৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় রাজস্ব বাজেটভুক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে http://brdb.Teletalk.com.bd ওয়েবসাইটে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | হিসাবরক্ষক | ১১ গ্রেড ১২৫০০-৩০২৩০/- | ২৭৭ টি | ২টি ২য় বিভাগসহ বি, কম। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | হিসাব সহকারী | ১৩ গ্রেড ১১০০০-২৬৫৯০/- | ৩৫ টি | ২টি ২য় বিভাগসহ বি, কম। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৩ | স্টেনোটাইপিস্ট কাম কম্পিউটার অপারেটর | ১৪ গ্রেড ১০২০০-২৪৬৮০/- | ০৭ টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় পাশ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি বাংলায় প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ শব্দ। | গাজীপুর, গোপালগঞ্জ, বগুড়া, সিরাজগঞ্জ, চাঁদপুর ও নোয়াখালী জেলার প্রার্থী ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১৬ গ্রেড ৯৩০০-২২৪৯০/- | ১০ টি | এস.এস.সি পাশ। কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing এ দক্ষতা থাকতে হবে। টাইপিংয়ে সর্বনিম্ন গতি ইংরেজি ও বাংলায় যথাক্রম ২০ ও ২০ শব্দের গতি। | ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শরিয়তপুর, ময়মনসিংহ, জামালপুর, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, বরিশাল, পিরোজপুর নোয়াখালী, বাগেরহাট, নড়াইল, কুষ্টিয়া ও সাতক্ষীরা জেলার প্রার্থী ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৫ | ডাটা এন্ট্রি অপারেটর | ১৬ গ্রেড ৯৩০০-২২৪৯০/- | ০৩ টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

https://freejobalert4u.com

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৬ | গাড়িচালক | ১৬ গ্রেড ৯৩০০-২২৪৯০/- | ০৬ টি | বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ অষ্টম শ্রেণি পাশ। | ফরিদপুর, গাজীপুর, শরিয়তপুর, রাজশাহী, সিরাজগঞ্জ, গাইবান্ধা, রংপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, লক্ষীপুর, ফেনী, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রার্থী ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৭ | অফিস সহায়ক | ২০ গ্রেড ৮২৫০-২০০১০/- | ২৫ টি | অষ্টম শ্রেণি পাশ। | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, নাটোর, সিরাজগঞ্জ, গাইবান্ধা, দিনাজপুর, কুড়িগ্রাম, বরগুনা, বরিশাল, ভোলা, পটুয়াখালী, পিরোজপুর, বান্দরবান, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, চুয়াডাঙ্গা ও নড়াইল জেলার প্রার্থী ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৮ | নিরাপত্তা প্রহরী | ২০ গ্রেড ৮২৫০-২০০১০/- | ৪৭ টি | অষ্টম শ্রেণি পাশ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| | | সর্বমোট | ৪১০ টি | | |

https://freejobalert4u.com

**শর্ত ও নিয়মাবলি:**

০১। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতি:

ক. আবেদন http://brdb.Teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি দাখিল করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ, বিকাল ০৫:০০ ঘটিকা। ।

(iii) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ, বিকাল ০৫:০০ টার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থী উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষার ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(iv) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে পর্যাপ্ত সময় নিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে প্রার্থীগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. sms প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সর্ম্পূণ কালো/ সর্ম্পূণ সাদা/ঘোলা ) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy -তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি sms এর মাধ্যমে উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে। উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে দুটি sms করে নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক ০১ থেকে ০২ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬০ (পাঁচশত ষাট) টাকা, ক্রমিক

০৩ থেকে ০৬ পর্যন্ত পদের জন্য ৩০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৬ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৩৩৬ (তিনশত ছত্রিশ) টাকা এবং ক্রমিক ৭ থেকে ৮ পর্যন্ত পদের জন্য ২০০ টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৪ টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ২২৪ (দুইশত চব্বিশ) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।
প্রথম sms: **BRDB<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
দ্বিতীয় sms: **BRDB<Space>Yes<Space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://brdb.Teletalk.com.bd এই ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। https://freejobalert4u.com

ছ. sms এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত sms পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে **BRDB<Space>Help<Space>User<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BRDB Help User ABCDEF** & Send to 16222

ii) PIN Number জানা থাকলে **BRDB<Space>Help<Space>PIN<Space>PIN No**. লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BRDB Help PIN 1234567** & Send to 16222

ঝ. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর ওয়েবসাইটে (www.brdb.gov.bd) নিয়োগ পরীক্ষা এর বিজ্ঞপ্তি, Online আবেদনপত্র পূরণের নিয়মাবলী, sms এ পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলীসহ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করে প্রয়োজনীয় সহযোগিতা নেয়া যাবে। এ ছাড়াও alljobs.query@Teletalk.com.bd এবং vas.query@Teletalk.com.bd এবং **adper3@brdb.gov.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BRDB, Post Name:*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

২। সকল পদে প্রার্থীর সর্বোচ্চ বয়স ০১ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৩০ বছর এবং সর্বনিম্ন বয়স ১৮ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে; তাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল হবে না।

৪। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচি/ইউসিসিএ'তে কর্মরত কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন এবং এক্ষেত্রে তাদের বয়সসীমা শিথিলযোগ্য হবে; তবে প্রার্থীদের দাপ্তরিক তথ্য যাচাই করে প্রার্থীতা নিশ্চিত করা হবে। এক্ষেত্রে তাঁরা চূড়ান্তভাবে নির্বাচিত হয়ে নিয়োগ প্রাপ্ত হলে তাদের প্রকল্প/কর্মসূচি/ ইউসিসিএ'র চাকরিকাল গণনায় আসবে না। উল্লেখ্য, আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ বর্ণিত বয়স শিথিলের আওতায় আসবে না।

৫। ইতঃপূর্বে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর স্মারক নং-৪৭.৬৭.০০.০০২০৫.১১.০০৪.১২.৪০২৭ তারিখ: ১৮/০৫/২০১৫ খ্রি. মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে গৃহীত পরীক্ষা এতদ্দারা বাতিল বলে গণ্য হবে এবং উক্ত বিজ্ঞপ্তি এ বিজ্ঞপ্তির অংশ হিসেবে বিবেচিত হবে। তবে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী যোগ্য প্রার্থীগণ আবেদনকৃত পদে পরীক্ষা ফি প্রদান ব্যতিরেকেই শুধুমাত্র টেলিটক এর সার্ভিস চার্জ (বিজ্ঞপ্তির ক্রমিক ০১ থেকে ০২ পর্যন্ত পদের জন্য ৬০ টাকা, ক্রমিক ০৩ থেকে ০৬ পর্যন্ত পদের জন্য ৩৬ টাকা ও ক্রমিক ৭ থেকে ৮ পর্যন্ত পদের জন্য অফেরতযোগ্য ২৪ টাকা) প্রদানের মাধ্যমে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এক্ষেত্রে আগ্রহী প্রার্থীগণকে অনলাইনে অবহিত করতে হবে এবং উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে (২০১৫ সনের) উল্লিখিত বয়সসীমা তাদের ক্ষেত্রে বহাল থাকবে।

৬। ক্রমিক ০৩-০৮ পর্যন্ত পদে প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে, যা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে।

৮। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯। প্রাপ্ত আবেদন প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য বিআরডিবি'র ওয়েবসাইট (www.brdb.gov.bd) এবং এসএমএস এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) মোবাইল নম্বরে যথাসময়ে জানানো হবে। । নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেওয়া হবে না।

১০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও (www.brdb.gov.bd) ওয়েবসাইটে এবং http://brdb.Teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.Teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১১। আবেদনের সময় নামের বানান সতর্কতার সাথে শিক্ষা সনদের সাথে মিলিয়ে লিখতে হবে, শিক্ষা সনদে উল্লিখিত নামের বানানের বাইরে পদবি/মৃত ইত্যাদি লিখা যাবে না। স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখতে হবে। অসত্য/ক্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্যপূর্ণ/ক্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপ টেস্ট করা হবে। ডোপ টেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তাঁর দরখাস্ত/নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

https://freejobalert4u.com

৩০.০৫.২০২২

মোহাম্মদ রফিকুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন) ও সদস্য সচিব
০৩ নং নিয়োগ ও পদোন্নতি কমিটি
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৮১৮০০১৭